

যুগান্তর

জেএসসি-জেডিসি পরীক্ষার প্রথম দিন

৫ শিক্ষক ও ২ শিক্ষার্থী বহিষ্কার : অনুপস্থিত ৪১৮০৯

যুগান্তর রিপোর্ট

জেএসসি ও জেডিসি পরীক্ষা রোববার থেকে শুরু হয়েছে। প্রথম দিনের এ পরীক্ষায় মোট অনুপস্থিত ছিল ৪১ হাজার ৮০৯ জন। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দু'জন শিক্ষার্থী এবং ৫ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এছাড়া দু'জন বহিরাগতকে গ্রেফতার করা হয়েছে। বহিষ্কৃত দুই শিক্ষার্থীই মাদ্রাসা শিক্ষা বোর্ডের। আর বহিষ্কৃত শিক্ষকদের মধ্যে ৩ জন মাদ্রাসা ও দু'জন স্কুল শিক্ষক। দেশের বিভিন্ন স্থানে পরীক্ষায় নানা অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। এর মধ্যে এবারও বিভিন্ন স্থানে সমঝোতায় নকলের অভিযোগ পাওয়া গেছে। এমন ঘটনা যেসব স্থানে ঘটেছে সেগুলোর একটি ঢাকার ধামরাইয়ের হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজ কেন্দ্রে। এ কেন্দ্রে নকলের ঘটনার খবর সংগ্রহ করতে গেলে ক্যামেরা ডাফুর করা হয়। পরীক্ষা শুরু পর প্রথম পত্র কেন্দ্রের বাইরে পাঠানোর ঘটনা ঘটে ক্যালকটির রাজাপুরে। প্রথম দিন জেএসসিতে বাংলা প্রথম পত্র এবং জেডিসিতে কুরআন মাজিদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষা নেয়া হয়। শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, এতে মোট ২১ লাখ ৯৬ হাজার ৫৭১ জন পরীক্ষার্থী অংশ নিয়েছে। অনুপস্থিত ছিল ৪১ হাজার ৮০৯ জন। মোট পরীক্ষা দেয়ার কথা ছিল ২৩ লাখ

২৫ হাজার ৯৩৩ জন শিক্ষার্থীর। এর মধ্যে জেএসসিতে ১৯ লাখ ৬৭ হাজার ৪৪৭ জন এবং জেডিসিতে পরীক্ষার্থীর সংখ্যা তিন লাখ ৫৮ হাজার ৪৮৬ জন। অনুপস্থিত শিক্ষার্থী এবং অংশগ্রহণকারী ছাড়া থাকি যেসব শিক্ষার্থী থাকে, তারা অনিয়মিত-পরীক্ষার্থী। রোববার তাদের পরীক্ষা ছিল না। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো হয়, অনুপস্থিত শিক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ১২ হাজার ৯২ জন, চট্টগ্রামে ২ হাজার ৩৯১ জন, রাজশাহীতে ৩ হাজার ৮৭২ জন, বরিশালে ২ হাজার ৮৫১ জন, সিলেটে ২ হাজার ১৫১ জন, দিনাজপুরে ৩ হাজার ৬২৫ জন, কুমিল্লায় ৩ হাজার ৮০৮ জন, যশোরে ৪ হাজার ৩৫৮ জন রয়েছে। মাদ্রাসা বোর্ডে জেডিসিতে অনুপস্থিত ছিল ৬ হাজার ৬৬১ জন শিক্ষার্থী। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রোববার মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজে জেএসসি এবং ঢাকা আলিয়া মাদ্রাসায় জেডিসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরীক্ষার পরিবেশ দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। এ সময় তিনি বলেন, জেএসসি-জেডিসি পরীক্ষা নব্বুনসূত্র করতে সরকার সব রকম ব্যবস্থা নেয়া হয়েছে। সারা দেশে নির্ভীয়ে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এ পরীক্ষার মাধ্যমে ঋণে পড়া রোধ ও দারিদ্র

পরিবারের শিক্ষার্থীদের পড়ালেখায় আগ্রহ বাড়ছে। এ সময় তিনি আরও বলেন, এটি জাতীয় পর্যায়ে শ্রেণী উন্নীতের পরীক্ষা। উম্মেখা, এবার সারা দেশে দুই হাজার ৬২৭টি কেন্দ্রে একযোগে শুরু হয় এ পরীক্ষা। বিদেশেও আটটি কেন্দ্রে রয়েছে। মিজাপুর (টোঙ্গাইল) প্রতিনিধি জানান, অসদুপায় অবলম্বনের দায়ে তরফপুর দাখিল মাদ্রাসার শিক্ষক লুৎফুর রহমান ও গোড়াকি এম হারুনিসা দাখিল মাদ্রাসার শিক্ষক আদম আলীকে দায়িত্ব থেকে অব্যাহতি ও বহিষ্কার করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (টিএনও) মাসুম আহমেদ বিষয়টি নিশ্চিত করেছেন। ধামরাই (ঢাকা) প্রতিনিধি জানান, ধামরাইয়ের হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজ কেন্দ্রে নকলের পরিবেশে পরীক্ষা নেয়া হয়। খবর পেয়ে সাংবাদিকরা ছবি তুলতে নির্বাহী ম্যাজিস্ট্রেটের দায়িত্বরত উপজেলা মহিলা কর্মকর্তা সেপিনা খানম লোকজন নিয়ে সাংবাদিকদের ক্যামেরা ডাফুর করেন। গফরগাঁওয়ে নায়রুল্লাহ সরকারি বাসিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষার্থীদের মাঝে নব্বুনসূত্র বিতরণকালে দুই বহিরাগতকে গ্রেফতার করা হয়। তারা হলেন— যানে সবুর ও রুবেল।